গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-০৩ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর:- ৫৯.০০.০০০০.১০৬.০৬.০০৯.২২-৩৬৬

তারিখ: ২৫ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নৈতিকতা কমিটি'র ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বিভাগের অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) (ও সচিবের রুটিন দায়িত্বে) মহোদয়ের সভাপতিত্বে গত ৩১.১০.২০২২ খ্রি. তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মিনি সভাকক্ষে ২০২২-২০২৩ অর্থবছরের নৈতিকতা কমিটি'র ২য় সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

10/11/2022

(রাহেলা রহমত উল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৭৯২
admin3@mefwd.gov.bd

বিতরণ: **(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা/ মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
০৩. মহাপরিচালক, নিপোর্ট,আজিমপুর, ঢাকা/ মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা;
০৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
০৫. অতিরিক্ত সচিব (জনসংখ্যা, প:ক: ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
০৬. যুগ্মসচিব (প্রশাসন) সদস্য ও ফোকাল পার্সন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
০৭. যুগ্মসচিব (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
০৮. যুগ্মসচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
০৯. যুগ্মসচিব (পার-১/চিকিৎসা শিক্ষা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
১০. উপসচিব (প্রশাসন-১/২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
১১. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
১২. উপসচিব (পরিকল্পনা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
১৩. উপসচিব (চিকিৎসা শিক্ষা-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
১৪. উপসচিব (পার-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
১৫. উপসচিব (পরিকল্পনা-২/৩), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
১৬. প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি:
০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী**

সভাপতি : নীতিশ চন্দ্র সরকার
অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) ও সচিবের রুটিন দায়িত্বে
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্থান : মন্ত্রণালয়ের মিনি সভাকক্ষ
তারিখ : ৩১-১০-২০২২ খ্রি:
সময় : বিকাল ০২.০০ ঘটিকা

এ বিভাগের অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) ও সচিবের রুটিন দায়িত্বে নৈতিকতা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রত্যেকটি প্রতিষ্ঠানের জন্য বাস্তবভিত্তিক, বাস্তবায়নযোগ্য এবং লক্ষ্যকেন্দ্রিক হওয়া উচিত। শুদ্ধাচার পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রতিটি প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট Goal থাকা অত্যন্ত জরুরী। তবে শুদ্ধাচার পরিকল্পনার লক্ষ্যমাত্রা পরিপূর্ণ বাস্তবায়ন না করা গেলেও অধিকাংশ বাস্তবায়ন করা সম্ভব বলে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন।

এরপর তিনি যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পারসন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পারসন সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। সভায় অংশগ্রহণকারী সদস্যগণ নিম্নবর্ণিত বিষয়সমূহে বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| সূচকসমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | প্রতিটি কোয়ার্টারে নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়। গুণগত মান সম্পন্ন সেবা প্রদান নিশ্চিত করনের লক্ষ্যে গঠনমূলক, ইতিবাচক ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | নৈতিকতা কমিটি |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সকল দপ্তর, সংস্থা এবং শাখাকে নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নির্দেশনা প্রদান করা হয়। | স্বাশিপকবি/প:প: অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/নিপোর্ট |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা | প্রথম কোয়ার্টারের সভা টাংগাইলে অনুষ্ঠানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভায় সুশীল সমাজ, সাংবাদিক, সেবাগ্রহীতা এবং সেবাদাতা সকলকে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | নৈতিকতা কমিটি |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | এ বিভাগের সকল কর্মকর্তা কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করায় সংশ্লিষ্টদের ধন্যবাদ প্রদান করা হয়। | নৈতিকতা কমিটি |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/নথি বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি)। | ১। পরিস্কার পরিচ্ছন্নতা মনিটরিং কমিটিকে নিয়মিত পরিদর্শন করার জন্য নির্দেশনা দেয়া হয়।<br>২। নথি বিনষ্টকরণ কাজ সম্পাদনের নির্দেশনা দেয়া হয়।<br>৩। বারান্দায় সৌন্দর্য বর্ধক গাছের যত্ন নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেয়া হয়। | স্বাশিপকবি/ প্রশাসন-১ ও ২ |
| ১.৬ আওতাধীন দপ্তর/ সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান | গত ২৬.১০.২০২২ ইং তারিখে অত্র দপ্তরের ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়েছে। দপ্তর/সংস্থাকে তাদের আওতাধীন মাঠ অফিসসমূহ নিয়ে ফিডব্যাক সভা অনুষ্ঠানের বিষয়ে নির্দেশনা দেয়া হয়। | স্বাশিপকবি/প:প: অধিদপ্তর/নার্সিং ও মিড: অধিদপ্তর/নিপোর্ট |
| ২.১ ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ওয়েবসাইটে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রকাশ করা হয়েছে। ক্রয় পরিকল্পনা অনুযায়ী কেনাকাটা সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বাশিপকবি |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের ) | বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। ইজিপি চালুকরণে উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্বাশিপকবি |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ৮০% এর নিচে বাস্তবায়ন হলে কোন নম্বর পাওয়া যাবেনা। তাই পরিকল্পনা অধিশাখাকে ADP বাস্তবায়নে অধিকতর গুরুত্ব দেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়। | স্বাশিপকবি/ পরিকল্পনা অধিশাখা |
| ২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | গত ২৬.১০.২০২২ ইং তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.৮২২.২৯.০০৪.২২.২৭৪ নং স্মারকে চাহিত তথ্য পাওয়া যায়নি। OP ধরে PIC এবং PEC তালিকা প্রেরণ করার জন্য পরিকল্পনা অধিশাখায় পত্র প্রেরণ করা হয়েছে। দুত তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রতি কোয়ার্টারে PSC ও PIC সভার রেজুলেশন প্রেরণ নিশ্চিত করতে হবে। | পরিকল্পনা অধিশাখা |

| সূচকসমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | BSMMU তে বাস্তবায়িত সুপার স্পেশালাইজড হসপিটাল এর PD কে উক্ত বিষয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প ৩০ ডিসেম্বর শেষ হবে তাই দ্রুত সব সম্পদ হস্তান্তর করার প্রক্রিয়া গ্রহণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিকল্পনা অধিশাখা |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | বছর শেষে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক প্রত্যয়ন প্রদান করা হবে। | প্রশাসন-২ |
| ৩.২ রংপুর সরকারি মেডিকেল কলেজ এবং রংপুর বেসরকারি প্রাইম মেডিকেল কলেজ পর্যবেক্ষণ এবং মানোন্নয়ন | পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত সুপারিশ বাস্তবায়নের তারিখ নির্ধারণ করে দিয়ে অধ্যক্ষকে পত্র দেয়ার এবং রংপুর মেডিকেল কলেজের নিয়োগ কার্যক্রম শুরু না করার জন্য অধ্যক্ষ এর নিকট কারণ জানতে চাওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | গঠিত কমিটি |
| ৩.৩ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিটে ক্রয় ও সরবরাহ কার্যক্রম পরিবীক্ষণ ও মানোন্নয়ন কার্যক্রম | পরিদর্শনে প্রাপ্ত সুপারিশ বাস্তবায়নের তারিখ নির্ধারণ করে দিয়ে অধিদপ্তরে ইতোমধ্য পত্র দেয়া হয়েছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে এর জন্য প্রেরিত সুপারিশ বাস্তবায়নের তাগিদ দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | গঠিত কমিটি |
| ৩.৪ ময়মনসিংহ সরকারি নার্সিং কলেজ এবং বেসরকারি সালেসিয়ান সিস্টার্স নার্সিং কলেজ পর্যবেক্ষণ এবং মানোন্নয়ন | পরিদর্শন প্রাপ্ত সুপারিশ বাস্তবায়নের তারিখ দিয়ে অধ্যক্ষকে পত্র দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | গঠিত কমিটি |

## বিবিধ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | সেবার মান উন্নয়ন এবং দ্রুত ও গুণগত সেবা প্রদানের লক্ষ্যে অত্র বিভাগের আওতাধীন (ক) সরকারি মেডিকেল কলেজসমূহের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম পরিবীক্ষণ ও গুণগত মানোন্নয়নের লক্ষ্যে গঠিত কমিটি (খ) পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিশেষায়িত হাসপাতাল ও ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল এবং UH&FWC সমূহ মনিটরিং এর জন্য (গ) চলমান প্রকল্পসমূহ এবং যে সকল প্রকল্প ও স্বাস্থ্য শিক্ষা স্থাপনা সমাপ্ত হয়েছে, কিন্তু প্রাতিষ্ঠানিক কার্যক্রম চালু হয়নি এবং যে সকল প্রকল্প চালুর অপেক্ষায় এমন প্রতিষ্ঠানসমূহের পরিবীক্ষণ (মনিটরিং) এর জন্য (ঘ) মেডিকেল বিশ্ববিদ্যালয় পরিবীক্ষণ (মনিটরিং) এর জন্য (ঙ) নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম পরিবীক্ষণ (মনিটরিং) এর জন্য প্রস্তাবিত কমিটিগুলোর অনুমোদনের পর প্রজ্ঞাপন দ্রুত জারি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| ২. | নার্সিং অধিদপ্তরের পরিত্যক্ত গাড়ি কনডেম এর অনুমোদন দেয়া হয়েছে। এই বিষয়টি দ্রুত নিস্পত্তি করার এবং ঢাকা ডেন্টাল কলেজ এর গাড়ি কনডেম এর অনুমোদন দ্রুত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | নার্সিং ও মিড: অধিদপ্তর |
| ৩. | স্বাস্থ্য সেবা এবং বাণিজ্যের যেসব পরিত্যক্ত জিনিসপত্র, আসবাব বারান্দায় পড়ে আছে সেগুলো অপসারণের জন্য মৌখিক/ব্যক্তিগত যোগাযোগ করতে হবে। বারান্দা পরিস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন-২ শাখা |
| ৪ | মেডিকেল কলেজসমূহের সকল শিক্ষকদের কলেজে উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে জুম অ্যাপের মাধ্যমে প্রতিদিন সকালে মনিটরিং এর জন্য ইস্যুকৃত পত্র সকল মেডিকেল কলেজে প্রেরণ নিশ্চিত করতে হবে। শিক্ষকদের কলেজে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অত্র বিভাগের পার-১ শাখা হতে ইস্যু করা চিঠি প্রচার নিশ্চিত করতে হবে। | পার-১ শাখা |
| ৫. | MBBS (সরকারি, বেসরকারি) নার্সিং (সরকারি, বেসরকারি)-এর যে সব ছাত্র-ছাত্রীর সার্টিফিকেট সত্যয়ন করা প্রয়োজন তাদের হয়রানী লাঘবে সার্টিফিকেট সত্যায়নের জন্য জারিকৃত প্রজ্ঞাপন সকল মেডিকেল কলেজ, নার্সিং কলেজে প্রেরণ করতে হবে। | চিকিৎসা শিক্ষা-১,২/ নার্সিং শিক্ষা শাখা |
| ৬. | পরিবার পরিকল্পনা অধিদপ্তর অধিদপ্তর এর প্রস্তুতকৃত ওয়েবসাইট বেইজড ডিজিটাল হাজিরা আবশ্যিকভাবে মন্ত্রণালয়ের প্রশাসন শাখা হতে মনিটরিং (প্রতি কোয়ার্টারে ৫০ জনের দৈবচায়ন ভিত্তিতে) নিশ্চিত করতে হবে। | প্রশাসন-৩ শাখা |

০২। অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/১১/২২

নীতিশ চন্দ্র সরকার
অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)
ও সচিবের রুটিন দায়িত্বে
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।